বণিক বার্তা

# উত্তরা ইউনিভার্সিটিতে টেকসই উন্নয়ন নিয়ে সেমিনার

প্রকাশ: শনিবার ১৪ ডিসেম্বর ২০২৪, ০২:০০

Source: https://bonikbarta.com/

**টেকসই উন্নয়নের অঙ্গীকার নিয়ে উত্তরা ইউনিভার্সিটিতে 'পাথওয়েস টু এ সাসটেইনেবল ফিউচার' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।**

টেকসই উন্নয়নের অঙ্গীকার নিয়ে উত্তরা ইউনিভার্সিটিতে 'পাথওয়েস টু এ সাসটেইনেবল ফিউচার' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের হলরুমে আয়োজিত এ অনুষ্ঠানে শিক্ষাবিদ, গবেষক ও পরিবেশ বিশেষজ্ঞরা অংশ নেন। সেমিনারে বক্তারা টেকসই ভবিষ্যৎ নির্মাণের প্রয়োজনীয়তা, নবায়নযোগ্য শক্তির ব্যবহার এবং পরিবেশ সংরক্ষণে শিক্ষার্থীদের ভূমিকা নিয়ে আলোচনা করেন। এছাড়া জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং তা মোকাবেলায় প্রযুক্তিগত উদ্ভাবনের ভূমিকা নিয়ে দৃষ্টিভঙ্গি তুলে ধরা হয়।

সেমিনারে পাওয়ার গ্রিড বাংলাদেশের চেয়ারম্যান ও ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সাবেক উপাচার্য অধ্যাপক এম রেজওয়ান খান, ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি চিটাগংয়ের সাবেক উপ-উপাচার্য অধ্যাপক নওসাদ আমিন, সিটি ইউনিভার্সিটির সাবেক উপ-উপাচার্য অধ্যাপক কাজী শাহাদাত কবীর রিমন ও ক্লাইমেট চেঞ্জ পলিসি ম্যানেজার অ্যান্ড আসিক্রেডিটেড ক্লাইমেট অ্যান্ড এনভায়রনমেন্টের উপদেষ্টা এএসম মারজান নূর কথা বলেন।

উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ইয়াসমীন আরা লেখা, উপ-উপাচার্য অধ্যাপক গৌর গোবিন্দ গোস্বামী, বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগের চেয়ারম্যান অধ্যাপক শাকাওয়াত জামান সরকার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। —বিজ্ঞপ্তি